# কক্সবাজার পৌরসভা কার্যালয়
## কক্সবাজার।
E mail-coxsbazarpourashava1869@gmail.com


স্মারক নং- কক্সঃ পৌর/২০২৩/১১৬৯ তাঃ ১৯.১২.২০২৩

প্রাপক,
জনাব,
...............................
...............................
............................... ।

বিষয়ঃ কক্সবাজার পৌরসভার আয়োজনে শহর সমন্বয় কমিটির (TLCC) সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পৌরসভার সকল কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার সুবিধার্থে, সুশাসন ও জবাবদিহিতা নিশ্চিত করণার্থে এবং পৌরসভার সেবা মূলক ও অন্যান্য কাজের বিষয়ে জনগণের মতামত গ্রহণের উদ্দেশ্যে শহর সমন্বয় কমিটি গঠন করা হয়েছে এবং আপনাকে উক্ত কমিটির একজন সম্মানিত সদস্য মনোনিত করা হয়েছে। আগামি ২৮.১২.২৩ ইং তারিখ সকাল ১১ টায় পৌর সম্মেলন কক্ষে (৩য় তলায়) সভা আহবান করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত থেকে আপনার মূল্যবান মতামত প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় সমূহঃ
১। অবকাঠামো উন্নয়ন বিষয়ক আলোচনা।
২। পৌরসভার আয়বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।
৩। বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা।
৪। অভিযোগ নিরসন সংক্রান্ত আলোচনা।
৫। বিবিধ।

১৯|১২|২৩
(মাহাবুবুর রহমান চৌধুরী)
মেয়র
কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।

স্মারক নংঃ কক্সঃ পৌর/২০২৩/১১৬৯ তারিখঃ ১৯|১২|২০২৩
অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা।
২। পৌর নির্বাহী কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা।
৩। নির্বাহী প্রকৌশলী, কক্সবাজার পৌরসভা।
৪। সহকারী প্রকৌশলী, কক্সবাজার পৌরসভা।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা।
৬। সমাজ উন্নয়ন কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা।
৮। অফিস নথি।

১৯|১২|২৩
মেয়র
কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।

# কক্সবাজার পৌরসভা কার্যালয়
## কক্সবাজার।

শহর সমন্বয় কমিটির (TLCC) সভার উপস্থিতি স্বাক্ষর

তারিখ: ২৬-১২-২০২৩খ্রিঃ

| ক্রঃনং | নাম | পদবী ও সংস্থার নাম | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মো: মাহবুবুর রহমান চৌ. | মেয়র, কক্সবাজার পৌর. | 01747276712 | [signature] |
| ২ | [illegible] সেতু | প্যানেল মেয়র (১) | 01912-366800 | [signature] |
| ৩ | [illegible] আকতার | প্যানেল মেয়র (৩) | 01830922826 | [signature] |
| ৪ | [illegible] (নবু) | কাউন্সিলর ওয়ার্ড-(২) | 01797586060 | [signature] |
| ৫ | মো: [illegible] | প্রধান নির্বাহী অফিসার | 01913701766 | [signature] |
| ৬ | [illegible] | নির্বাহী প্রকৌশলী, কক্স. পৌর. | 01852266822 | [signature] |
| ৭ | মো: মাহবুবুল আলম | [illegible], আরবান রেজিলিয়েন্স প্রকল্প | 01622-026620 | [signature] |
| ৮ | মো: [illegible] ভূঁইয়া | সেন্টার ব্যবস্থাপক দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (DSK) | 01841-811033 | [signature] |
| ৯ | Nasrin Akter | Nexus Programme Manager, Helvetas | 01622380824 | Nasrin |
| ১০ | মো: [illegible] | জেলা সমবায় অফিসার | 01814187950 | [signature] |
| ১১ | বুলবুল আকতার | সদস্য | 01822940117 | Bulbul |
| ১২ | [illegible] | সদস্য | 01831794374 | [signature] |
| ১৩ | [illegible] আক্তার | " | 01765066097 | [signature] |
| ১৪ | মো: [illegible] | [illegible], কক্সবাজার | 01713-077229 | [signature] |
| ১৫ | MD. HASAN REZAUL KARIM | PROJECT COORDINATOR BRAC | 01673681110 | [signature] |
| ১৬ | নাসির উদ্দিন চৌধুরী | সদস্য | 01818288970 | [signature] |
| ১৭ | মো: [illegible] | [illegible] | 01558042882 | [signature] |
| ১৮ | জেসমিন আকতার [illegible] | সদস্য | 01843725737 | [signature] |
| ১৯ | [illegible] চৌধুরী [illegible] | [illegible] | 01819103007 | [signature] |
| ২০ | সাইফুল ইসলাম চৌধুরী | সদস্য TLCC | 01672751737 | [signature] |
| ২১ | [illegible] | সদস্য (সিপিপি) | 01511706701 | [signature] |
| ২২ | [illegible] | সহকারী পরিচালক, জেলা [illegible] | 01766255553 | [signature] |
| ২৩ | [illegible] | কক্সবাজার জেলা [illegible] | 01878-3839 | [signature] |
| ২৪ | মো: জাহাঙ্গীর আলম | সদস্য | [illegible] | [signature] |
| ২৫ | [illegible] মোহাম্মদ | কাউন্সিলর [illegible] নং ওয়ার্ড | 01811179597 | [signature] |

| ক্রঃনং | নাম | পদবী ও সংস্থার নাম | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৬ | এম. এ. [illegible] | কাউন্সিলর | ০১৭১৯৮০৬২০৪ | [illegible] |
| ২৭ | মোহাম্মদ মুমিনুল ইসলাম | [illegible] কাউন্সিলর | ০১৮১১৫৪১২৭৪১ | [illegible] |
| ২৮ | এম, ওয়াই এম, আব্দুল [illegible] | কাউন্সিলর [illegible] | ০১৮১৫৮১৫৯০৭ | [illegible] |
| ২৯ | আমিনুল ইসলাম মুকুল | কাউন্সিলর ৩নং ওয়ার্ড | ০১৮২৯৩৪৪১১০ | [illegible] |
| ৩০ | মিনু আক্তার | | 01889147192 | মিনু আক্তার |
| ৩১ | [illegible] আকতার | [illegible] | 01816449747 | [illegible] |
| ৩২ | রুপক বিহারী [illegible] | কাউন্সিলর [illegible] | 01711-190211 | [illegible] |
| ৩৩ | [illegible] আক্তার | কাউন্সিলর ১-২-৩ | 01770440393 | [illegible] |
| ৩৪ | [illegible] জেসমিন | TLCC সদস্য | 01876701415 | [illegible] |
| ৩৫ | জাহেদা আক্তার | কাউন্সিলর ৭,৮, ৯ ওয়ার্ড | 01813006771 | [illegible] 27.12.23 |
| ৩৬ | [illegible] উদ্দিন সিকদার | কাউন্সিলর | 01818572859 | [illegible] |
| ৩৭ | [illegible] | [illegible] | 01[illegible] | [illegible] |
| ৩৮ | MD. Ashrabul Alam | ARE UDCGP | 01842-606064 | [illegible] |
| ৩৯ | Md. Quamrul Islam | AE UDCGP | 01730893069 | Quamrul |
| ৪০ | Rony Dey Gupta | [illegible] | 01675464,90 | [illegible] |
| ৪১ | [illegible] | কাউন্সিলর | 01851945511 | [illegible] |
| ৪২ | Nazmul Hasan | [illegible] | | [illegible] |
| ৪৩ | Mahbub Alam | C.P.O | 01855232329 | [illegible] |
| ৪৪ | [illegible] | | 0 | [illegible] |
| ৪৫ | Mohammad Faisal | PS to Mayor | 01852-608961 | Faisal |
| ৪৬ | মোঃ [illegible] | কাউন্সিলর | ০১৮১৯৩৫৪০০৫ | [illegible] |
| ৪৭ | [illegible] | কাউন্সিলর | 01726-00336 | [illegible] |
| ৪৮ | | | | |
| ৪৯ | | | | |
| ৫০ | | | | |

# কক্সবাজার পৌরসভা কার্যালয়
## কক্সবাজার।

স্মারক নং-কপৌ/২০২৩/১১৭৯ তারিখ: ২৮.১২.২০২৩খ্রিঃ

### নবগঠিত শহর সমন্বয় কমিঠির প্রথম সভার কার্য বিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | জনাব মোঃ মাহাবুবুর রহমান চৌধুরী |
| সভার তারিখ ও সময় | : | ২৬/১২/২০২৩ইং - সকাল: ১১ টায় |
| সভার স্থান | : | কক্সবাজার পৌর সম্মেলন কক্ষ |

সভার উপস্থিতিঃ

- কক্সবাজার পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ সারোয়ার সালাম পৌর মেয়র মোঃ মাহাবুবুর রহমান চৌধুরী ও কাউন্সিলরবৃন্দ এবং টিএলসিসির সকল সদস্যদের পৌরসভার পক্ষ থেকে অভিনন্দন ও স্বাগত জানান। তিনি আজকের সভার আলোচ্য বিষয়ের উপর সদস্যদের সুপরামর্শ ও মতামত দিয়ে পৌরসভাকে গতিশীল ও কার্যকর করার অনুরোধ জানান। টিএলসিসি অত্যন্ত গুরুত্বপূর্ণ ফোরাম। এই ফোরামে পৌরসভার উন্নয়নে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হবে এবং তা পৌর পরিষদের অনুমোদন সাপেক্ষে বাস্তবায়িত হবে। মানুষ হিসেবে আমরা সচেতন নই। আগে নিজেকে সচেতন হতে হবে। ড্রেনে বর্জ্য ফেলা বন্ধ করা, ড্রেন ও রাস্তা দখল মুক্ত করা, পৌরকর আদায় সহ ইত্যাদি বিষয়ের উপর গুরুত্বারোপ করেন।

| ক্রঃনং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব শামীম আকতার বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার (পৌরসভা) আইন' ২০০৯ এর ১৪, ৫৫ ও ১১৫ ধারা অনুসরণে পৌরসভার সকল কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার সুবিধার্থে, সু-শাসন ও জবাবদিহিতা নিশ্চিত করণার্থে এবং পৌরসভার সেবা মূলক ও অন্যান্য কাজের বিষয়ে জনগণের মতামত গ্রহণের উদ্দেশ্যে গত ১৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত কক্সবাজার পৌরসভার পৌর পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভার শহর সমন্বয় কমিটি, ১২টি ওয়ার্ড কমিটি, ১৭টি স্থায়ী কমিটি ও ১ টি অভিযোগ নিরসন কমিটি গঠন করা হয়েছে। বিগত ১লা নভেম্বর থেকে ৩০ নভেম্বরের মধ্যে সকল কমিটির সভা যথাযথ ভাবে অনুষ্টিত হয়েছে। কমিটি সমূহের সকল প্রকল্প প্রস্তাবনা, পরামর্শ ও মতামত শহর সমন্বয় কমিটি ও পৌর পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়িত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। | ওয়ার্ড কমিটি ও স্থায়ী কমিটি গুলোর নিয়মিত (ত্রৈমাসিক) সভা আহবান করা, কার্যবিবরণী তৈরী করা এবং বিভিন্ন প্রস্তাবনা গুলো শহর সমন্বয় কমিটি ও পৌর পরিষদে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | কমিটির সকল সভাপতি (কাউন্সিলর) ও সদস্য সচিব। |
| ২. | সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব শামীম আকতার বলেন, নবগঠিত অভিযোগ নিরসন কমিটির মাধ্যমে পৌর কার্যালয়ে স্থাপিত ২টি অভিযোগ বাক্সে এবং মোবাইল বা সরাসরি পৌরসভার সেবা সংক্রান্ত যে কোনো বিষয়ে অভিযোগ গ্রহণ করার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যে অভিযোগ বক্সে ৩টি অভিযোগ জমা হয়েছে। অভিযোগ নিরসন কমিটির মাধ্যমে ২টি অভিযোগ সাথে সাথে নিষ্পত্তি করা হয়েছে এবং আরেকটি আবেদন অপ্রাসঙ্গিক হিসেবে বাতিল করা হয়েছে। | সকল কমিটি সমূহের সভায় অভিযোগ বক্সে লিখিত অভিযোগ দায়ের করার জন্য প্রচারের ব্যবস্থা করা। এবং অভিযোগ নিরসন কমিটির মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | অভিযোগ নিরসন কমিটি। |
| ৩. | বেসরকারী সংস্থা পদক্ষেপের ম্যানেজার এডমিন জনাব শাহেদুল আলম জানান, ইতিমধ্যে কক্সবাজার পৌরসভার নাগরিকদের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষে | আরবান প্রাইমারী হেলথ সেন্টারের সেবা সংক্রান্ত | পদক্ষেপ |

| | | | |
|---|---|---|---|
| | পৌরসভার ২,৩,৫ ও ১০নং ওয়ার্ডে ৪টি আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিস সেন্টার চালু হয়েছে। এখানে মা ও শিশু স্বাস্থ্য সেবার ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে সিজারিয়ান ডেলিভারী শুধু মাত্র ১২০০০ টাকা এবং নরমাল ডেলিভারীর জন্য ১২০০ টাকা ফি নির্ধারণ করা হয়েছে। | বিষয়ে পৌরসভার ১২টি ওয়ার্ডে প্রচার করার ব্যবস্থা করা এবং দরিদ্র জনগোষ্ঠির জন্য বিনামূল্যে সেবা প্রদানের ব্যবস্থা করা। | |
| ৪. | বেসরকারী সংস্থা দুস্থ স্বাস্থ্য কেন্দ্রের প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ শরীফ উল্লাহ ভূইয়া জানান, বর্জ্য ব্যবস্থাপনার জন্য কোনো মহাপরিকল্পনা নাই। আবর্জনা অপসারণের জন্য ১২টি ওয়ার্ডে ১২টি সেকেন্ডারী ট্রান্সফার স্টেশন খুব জরুরী। পৌরসভা এলাকার সেফটি ট্যাংক পরিষ্কার করার জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ী এবং সাথে সাথে সেফটি ট্যাংক এর সংযোগ ড্রেন হতে বিচ্ছিন্ন করা দরকার। | ১২ ওয়ার্ডে ১২টি সেকেন্ডারী স্টেশন করার প্রস্তাব রাখা হলো | পৌর পরিষদ |
| ৫. | ব্র্যাক প্রকল্প সমন্বয়কারী জনাব হাসান রেজাউল করিম জানান, ২০২৩ সালে বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে সার্ভে করা হয়। পর্যটন এলাকা হওয়ায় পৌরসভাকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা খুবই দরকার। পৌরসভার ১,৪,১০ ও ১২ নং ওয়ার্ড এর প্লাস্টিক বর্জ্য নিয়ে একটি পরিকল্পনা গ্রহণ করতে যাচ্ছে ব্র্যাক। এটি বাস্তবায়ন হলে পৌরসভার ৪টি ওয়ার্ডের প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার একটি সুব্যস্থা হবে বলে আশা করছি। এক্ষেত্রে পৌরসভার সহায়তা দরকার। | প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনার প্রকল্প বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করা হয় বেসরকারী সংস্থা ব্র্যাককে। | পৌরসভা ও ব্র্যাক |
| ৬. | বিটিএলসির সহকারী প্রকৌশলী জনাব নুরুল আলম জানান, বিটিএলসি অফিস সংলগ্ন ড্রেনটি দীর্ঘদিন পরিষ্কার না হওয়ায় এলাকায় দূর্গন্ধ ছড়াচ্ছে এবং মশার উপক্রম বেড়ে গেছে। ড্রেন পরিষ্কার ও মশক নিধনের অনুরোধ জানান। | কঞ্জারভেন্সি শাখাকে ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করা হলো। | কঞ্জারভেন্সি শাখা |
| ৭. | জনাব মংহ্লাও রাখাইন জানান, পূর্ব রাখাইন পাড়া ও কসায় খানার ড্রেন ২টি দ্রুত পরিষ্কার করা দরকার। ড্রেন ২টি ভরাট হওয়ার কারণে রাখাইন পাড়াতে ময়লা পানি রাস্তার উপর দিয়ে চলাচল করে এতে মানুষের চলাচলের অসুবিধা হচ্ছে। | কঞ্জারভেন্সি শাখাকে ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করা হলো। | কঞ্জারভেন্সি শাখা |
| ৮. | জনাব বুলবুল আক্তার মেয়র মহোদয়কে যথা সময়ে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি নুনিয়া ছড়া এলাকায় বিআইডব্লিউটিআই অফিসের পাশে একটি ডাস্টবিন স্থাপন, তিন রাস্তার মোড় এলাকায় লাইটিং এবং নুনিয়া ছড়া এলাকায় মশক নিধনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ডাস্টবিন স্থাপনের প্রস্তাব রাখার সিদ্ধান্ত গৃহিত। | পৌর পরিষদ |
| ৯. | জনাব নাছির উদ্দিন বলেন, বিজিবি ক্যাম্প হতে ব্র্যাক অফিসের সামনে পর্যন্ত আবর্জনা জমে আছে অনেকদিন ধরে। এটি দ্রুত অপসারণ করা দরকার। সামরাই খাল ভরাট হয়ে গেছে এটি ড্রেজিং করে পর্যটকদের জন্য আকর্ষণীয় করে গড়ে তোলার অনুরোধ জানান। | সামরাই কাল ড্রেজিং সহ যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য পৌর পরিষদে প্রস্তাব রাখা হলো। | পৌর পরিষদ |
| ১০. | জনাব সাইফুল ইসলাম চৌধুরী নতুন পরিষদ গঠনের ৬ মাস সময় পূর্ণ হওয়ার আগে উল্লেখযোগ্য রাস্তার সংস্কার ও নির্মাণ, অবৈধ উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য পৌর পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ডেঙ্গু নিয়ন্ত্রনের অনুরোধ জানান। | মশক নিধনে আরো তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রকৌশল শাখা |
| ১১. | জনাব বেন্টু দাশ পৌরসভার সেবা বৃদ্ধি করার ক্ষেত্রে ট্যাক্স আদায় সহ সম্ভাব্য অন্যান্য খাতে আয় বৃদ্ধি করার পরামর্শ দেন। তিনি হাসপাতাল সড়ক প্রশস্থ করণ, নতুন খুরুশকুল ব্রিজ হতে হাসেমিয়া মাদ্রাসা পর্যন্ত বাইপাস রোড নির্মাণ, মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নের জন্য এনজিও সম্পৃক্ত করণ, প্রতিটি বাড়ী হতে আবর্জনা সংগ্রহ করার ব্যবস্থা গ্রহনের উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন। তিনি ড্রেনে আবর্জনা না ফেলে যথাযথ স্থানে এবং নির্ধারিত সময়ে আবর্জনা ফেলার বিষয়ে জনগনকে সচেতন করার প্রয়োজনীতা তুলে ধরেন। | পৌরসভার আয় বৃদ্ধি এবং জনগনকে সচেতন করার উদ্যোগ নেয়ার জন্য পৌর পরিষদে পরামর্শ রাখার সিদ্ধান্ত গৃহিত। | পৌর পরিষদ |
| ১২. | জনাব সত্য প্রিয় চৌধুরী দোলন নবগঠিত পৌর পরিষদ দায়িত্ব নেওয়ার | যানজট নিরসনে প্রয়োজনীয় | পৌর পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | দুইদিনের মধ্যে আইন কলেজ সংলগ্ন রাস্তাটি সংস্কার করার জন্য পৌর পরিষদকে ধন্যবাদ জানান। তিনি জামে মসজিদ সড়ক, হাসপাতাল সড়ক, পৌরসভা সংলগ্ন এলাকা যানজট নিরসন করার লক্ষ্যে সিএনজি ষ্টেশন ও টমটম ষ্টেশন তুলে দেওয়ার আহবান জানান। তিনি জনগনকে সচেতন করার উপর গুরুত্বারোপ করেন। | উদ্যোগ গ্রহণ করার জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হলো। | |
| ১৩. | জনাব এডভোকেট সাকী এ কাউসার আইন কলেজ সংলগ্ন রাস্তাটি দ্রুত সংস্কার, অভিযোগ নিরসন কমিটি গঠন, অভিযোগ নিস্পত্তি করণ, বেওয়ারিশ কুকুর নিয়ন্ত্রণ, মশক নিধন ইত্যাদি বিভিন্ন বিষয়ে পৌরসভার গৃহিত উদ্দ্যোগের জন্য মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি টিএলসিসির সকল সদস্যকে নিজ নিজ দায়িত্ব পালন করার ক্ষেত্রে সচেষ্ট থাকার অনুরোধ জানান। তিনি JICA 'র অর্থায়নে পরিচালিত প্রকল্পের শতভাগ সফলতা অর্জনের লক্ষ্যে সবাইকে যথাযথ দায়িত্ব পালনের আহবান জানান। তিনি সব সময় পৌরসভার সাথে আছেন এবং ভবিষতেও পৌরসভার সাথে থাকার অঙ্গিকার করেন। | | পৌর পরিষদ |
| ১৪. | জনাব মুজিবুল ইসলাম বলেন, কক্সবাজার পৌরসভা পর্যটন শহর হওয়ায় পৌর এলাকায় প্রতি নিয়ত প্রায় ৩-৪ লক্ষ মানুষের বসবাস। পৌরসভাকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে, বহুমুখি সেবা প্রদান করতে শুধুমাত্র পৌরসভার দায়িত্ব প্রাপ্তরা কাজ করলে হবে না সকল সরকারী-বেসরকারী সংস্থাকে কাজ করতে হবে। পৌরসভার আয় বৃদ্ধি করা ও সাবলম্বী করার জন্য পৌরসভার মালিকানাধীন মার্কেট গুলোকে যুগোপযোগী করা, পৌর ভবন কাম ব্যবসায়ী প্রতিষ্টান নির্মাণ করা, আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন বাস টার্মিনাল নির্মাণ, বহুতল পার্কিং ব্যবস্থা সহ সুদুরপ্রসারী পরিকল্পনা গ্রহণ করা দরকার। তিনি জানান, জেলা প্রশাসক জনাব কামাল হোসেন শিশু পার্ক নিমার্ণের জন্য পৌরসভাকে একটি জায়গা প্রদান করেছেন । এতে দ্রুত কাজ শুরু করা দরকার। তিনি দক্ষিণ রুমালিয়ার ছড়া হতে কলাতলী বাইপাস রোড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণের প্রস্তাব করেন। পৌরসভার উন্নয়ন কার্যক্রম এবং গৃহিত উদ্দ্যোগকে অনেক বেশি প্রচার করা প্রয়োজন বলে মনে করেন। | শিশু পার্ক নির্মাণ, পৌরসভাকে স্বাবলম্বী করার লক্ষ্যে আয়বৃদ্ধিমূলক কার্যক্রম হাতে নেয়ার জন্য পৌর পরিষদকে প্রস্তাব রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ |
| ১৫. | জনাব এডভোকেট ফরিদুল আলম পৌরসভাকে স্বল্প সময়ের মধ্যে সুন্দর ও সুষ্ট ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার উদ্দ্যোগ নেওয়ার জন্য মেয়রকে অভিনন্দন জানান। তিনি জনগন সচেতন হলে সব কিছুই সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করেন। | | |
| ১৬. | নির্বাহী প্রকৌশলী জনাব পরাক্রম চাকমা বলেন, পৌরসভা ডেভেলাপমেন্ট প্লান বা পিডিপি প্রণয়নের লক্ষ্যে JICA 'র নির্দেশনা অনুযায়ী ১-১২নং ওয়ার্ডের ওয়ার্ড কমিটির পক্ষ থেকে ২৬০টি প্রকল্পের তালিকা প্রস্তাব আকারে পেশ করা হয়েছে। যা আজকে টিএলসিসি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>বর্তমানে পৌরসভায় এডিবি, কোভিড ফান্ড ও JICA সহ কয়েকটি প্রকল্পের কাজ চলমান। যা স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদে বাস্তবায়িত হবে।<br>Covid-19 Response প্রকল্প-LGCRRP/COX'S BAZAR/2022-23/W-01<br>LGCRRP/COX'S BAZAR/2022-23/W-02<br>LGCRRP/COX'S BAZAR/2022-23/W-03<br>LGCRRP/COX'S BAZAR/2022-23/W-04 | ওয়ার্ড কমিটি থেকে সুপারিশকৃত প্রকল্প গুলো সবার আলোচনার প্রেক্ষিতে পিডিপিতে অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>সবিস্তার আলোচনান্তে,<br>ক। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক বরাবর উক্ত প্যাকেজসমূহের পরিবর্তন এবং অতিরিক্ত প্রয়োজনীয় অনুমোদন এবং ভেরিয়েশন | প্রকৌশল শাখা। |

| | | | |
|---|---|---|---|
| | উক্ত প্যাকেজগুলোর স্কীমসমূহ সড়কের প্রশস্থতা বৃদ্ধির লক্ষ্যে জনসাধারনের দাবীর পরিপ্রেক্ষিতে বিভিন্ন স্থাপনা অপসারণপূর্বক বাস্তবায়ন করার প্রয়োজনীতা দেখা দিয়েছে। W-01 প্যাকেজের ০২ নং স্কীম সীমানা জটিলতার কারণে প্রধান লোড বিয়ারিং ড্রেনের কাজ অনুমোদিত ড্রয়িং ও প্রাক্কলন মোতাবেক করা সম্ভব হচ্ছেনা । জনসাধারণের চাহিদা মোতাবেক এতদসঙ্গে সংযুক্ত লিংক ড্রেনের কাজ সম্পাদন করা প্রয়োজন। W-03 প্যাকেজে ০১ নং স্কীমে একটি লোড বিয়ারিং X ড্রেন এবং রোড এপ্রোচ নির্মাণ আবশ্যক। W-02 এর ০৩ নং স্কীমে সড়কের প্রশস্থতা বৃদ্ধির লক্ষ্যে কক্সবাজার মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর অপসারণপূর্বক পুনঃ নির্মাণ করা প্রয়োজন। মা ও শিশু কল্যাণ কেন্দ্রের ক্ষতিগ্রস্ত/অপসারণকৃত সেফটিক ট্যাংক ও ড্রাইভারের কক্ষ নির্মাণ করা প্রয়োজন। | প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ। মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর, ড্রাইভারের কক্ষ ও ক্ষতিগ্রস্ত সেফটিক ট্যাংক পুনঃনির্মাণ/সংস্কার করার লক্ষ্যে পৌর পরিষদে প্রস্তাব করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৭. | কাউন্সিলর জনাব এহেসান উল্লাহ বলেন, পৌরসভার ৭ ও ৮নং ওয়ার্ডের ড্রেনের পানি ৪নং ওয়ার্ডের উপর দিয়ে প্রবাহিত হয়। ৪নং ওয়ার্ডে অবস্থিত সুইচগেইটটি পৌরসভার ড্রেনের পানি নিষ্কাশনের গুরুত্বপূর্ণ পয়েন্ট। সুইচগেইট এলাকা, রাবেয়া কুটির পার্শ্বস্ত ড্রেন, ভুরি সওদাগর এর পার্শ্বস্ত ড্রেন উদ্ধার করা সহ অপরাপর ড্রেন জরুরী ভিত্তিতে পরিষ্কার করা দরকার অন্যথায় ৪নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসন সম্ভব নয়। | সুইচ গেইট সংলগ্ন এলাকা, রাবেয়া কুটির সংলগ্ন ড্রেইন, ভুরি সওদাগর সংলগ্ন ড্রেইন সহ অপরাপর ড্রেইন উদ্ধার করার জন্য সর্বসম্মতিতে প্রস্তাব গৃহিত। | পৌর পরিষদ। |
| ১৮. | কাউন্সিলর জনাব সাহাব উদ্দিন সিকদার বলেন, ৫নং ওয়ার্ডের সকল ড্রেন ও রাস্তা সংস্কার করা দরকার। গোদার পাড়া এলাকায় রাস্তা ও ড্রেন না থাকায় জনগনের চলাচলে ভোগান্তি পোহাতে হচ্ছে। পৌরসভার নিজস্ব অর্থায়নে কিংবা কোনো প্রকল্প সহায়তায় এ কাজ গুলো করার অনুরোধ জানান। | পৌরসভার নিজস্ব অর্থায়ন অথবা কোনো প্রকল্প সহায়তায় বাস্তবায়ন করার প্রস্তাব রাখা হয়। | পৌর পরিষদ। |
| ১৯. | কাউন্সিলর জনাব আমিনুল ইসলাম মুকুল বলেন, নুর পাড়া ও পেশকার পাড়ার ড্রেন প্রশস্ত করা, সুইচগেইট থেকে নদী পর্যন্ত গাইড ওয়াল নির্মাণ সহ ৫০-৬০ ফুট প্রশস্ত করা দরকার। বেরিবাধ রোডে লাইটিং করা হলে জনগনের চলাচলে সুবিধা হবে। তিনি বাজারের পূর্ব এলাকায় ময়লা আবর্জনা ও ড্রেনের অবস্থা খুবই খারাপ এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান। | সুইচ গেইট থেকে নদী পর্যন্ত প্রশস্ত করার লক্ষ্যে পৌর পরিষদে প্রস্তাব রাখা হয়। | পৌর পরিষদ। |
| ২০. | কাউন্সিলর জনাব মিজানুর রহমান জানান ইতিপূর্বে ২নং ওয়ার্ডে যথেষ্ট রাস্তা ও ড্রেন নির্মাণ করা হলেও পরিষ্কারের অভাবে পানি নিষ্কাশনে বিঘ্ন ঘটছে। এবিষয়ে পদক্ষেপ নেওয়া জরুরী। ২ নং ওয়ার্ডে রাস্তার উভয় পাশে অবৈধ ঝুপড়ি উচ্ছেদ করার অনুরোধ জানান। | অবৈধ ঝুপড়ি উচ্ছেদ ও ড্রেন পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ ও কঞ্জারভেন্সি শাখা। |
| ২১. | কাউন্সিলর জনাব শাহেনা আক্তার পাখি পশ্চিম নতুন বাহার ছড়ায় অসম্পূর্ণ রাস্তার কাজ সম্পূর্ণ করা, মধ্যম নুনিয়া ছড়ায় ড্রেনের উপর স্লাব দেওয়া এবং কালু হাজির পার্শ্বস্ত ড্রেনের কাজ করার অনুরোধ জানান। | পৌর পরিষদে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ |
| ২২. | কাউন্সিলর জনাব নুর মোহাম্মদ মাঝু জানান, হোটেল শৈবালের ড্রেন সহ বাহার ছড়ার অধিকাংশ এলাকার ড্রেন ভরাট হয়ে যাওয়ায় পানি নিষ্কাশন বন্ধ। ড্রেন পরিষ্কার করা, কবরস্থান পাড়ায় একটি রাস্তা নির্মাণ, আহম্মদ সাহেবের বাড়ির রাস্তাটি সংস্কার করা হলে জনগন উপকৃত হবে। তিনি মেয়র মহোদয়কে ১১নং ওয়ার্ড পরিদর্শনের অনুরোধ জানান। | পৌর পরিষদে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| ২৩. | কাউন্সিলর জনাব এম, এ মঞ্জুর বলেন, ডলফিন মোড় হতে বেলি হ্যাচারি পর্যন্ত রাস্তার বিভিন্ন অংশ গর্ত হয়ে যাওয়ায় তা বিটুমিন দিয়ে কার্পেটিং করা, প্রধান সড়কের ড্রেন পরিষ্কার, স্ট্রীট ফুডের দোকান উচ্ছেদ, হোটেলের সুয়ারেজ লাইন পৌরসভার ড্রেন হতে বিচ্ছিন্ন করা জরুরী। স্ট্রীট ফুডের ব্যবসায়ীরা যত্রতত্র ময়লা ফেলে রাখে যার প্রেক্ষিতে তিনি মেয়র মহোদয়কে বিচ ম্যানেজমেন্ট কমিটির সাথে এসব বিষয়ে আলোচনা করার অনুরোধ জানান। প্রধান সড়কের সৌন্দর্য্য বর্ধন করা প্রয়োজন বলে মনে করেন। | পৌর পরিষদে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ |
| ২৪. | কাউন্সিলর জনাব রাজ বিহারী দাশ বৌদ্ধ মন্দির হতে বাজার ঘাটা পর্যন্ত ড্রেন পরিষ্কার করা প্রয়োজন বলে জানান। তিনি ৪টি কালভার্ট উচু করে নির্মাণ করলে ৮, ৯ ও ১০ নং ওয়ার্ডের পানি দ্রুত নিষ্কাশিত হবে বলে সভাকে অবহিত করেন। | পৌর পরিষদে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ |
| ২৫. | প্যানেল মেয়র -০৩ জনাব ইয়াছমিন আকতার পশ্চিম এসএম পাড়া ,সিকদার পাড়া রাস্তা সংস্কার এবং উত্তর পেতা সওদাগর পাড়া রাস্তা নির্মাণ করার অনুরোধ জানান। | পৌর পরিষদে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ |
| ২৬. | প্যানেল মেয়র -০২ জনাব ওমর ছিদ্দিক লালু সামরাই খাল অত্র এলাকার পানি নিষ্কাশনের একমাত্র জায়গা হওয়ায় এটি অবৈধ দখল মুক্ত করে গাইড ওয়াল সহ রাস্তা নির্মাণ করার প্রয়োজনীতা তুলে ধরেন। সামরাই খালকে দৃষ্টি নন্দন করে পর্যটন স্থান হিসেবে গড়ে তোলার প্রস্তাব রাখেন। তিনি বিজিবি ক্যাম্প এলাকার ময়লা দ্রুত অপসারণের অনুরোধ জানান। | ময়লা অপসারনের জন্য কঞ্জারভেন্সি শাখাকে নির্দেশ প্রদান এবং সামরাই খাল সংক্রান্ত বিষয়টি পৌর পরিষদে উপস্থাপন। | |
| ২৭. | প্যানেল মেয়র -০১ জনাব সালাউদ্দিন সেতু বলেন, টিএলসিসি কমিটির সম্মানিত সদস্যগন গুরুত্বপূর্ণ ব্যক্তি। পৌরসভার সকল উন্নয়ন এবং সেবা প্রক্রিয়ায় আপনাদের অংশগ্রহণ, মতামত, পরামর্শ পৌরসভা আশা করে। কক্সবাজার পৌরসভায় আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত একটি এম্বুলেন্স আছে তা চাইলে পৌর এলাকার জনগন স্বল্প খরচে ব্যবহার করে চট্টগ্রাম-ঢাকা রোগী যাতায়ত করতে পারবেন। কক্সবাজার পৌরসভার বিবিধ সেবা সম্পর্কে প্রচারণা বৃদ্ধি করতে হবে। সকল তথ্য জনগনের কাছে পৌছাতে হবে।<br>পৌরসভার প্রকল্প সমূহ নিয়ে একটি তালিকা তৈরী করে তা প্রদর্শন করা দরকার। কোন কাজটি সম্পন্ন হয়ে গেছে, কোনটি চলমান বা কোনটি প্রক্রিয়াধীন তার তালিকা প্রদর্শন করা দরকার। | পৌরসভা সেবা সংক্রান্ত তথ্য জনগনের কাছে পৌছানোর জন্য বিভিন্ন ফোরামে আলোচনার সিদ্ধান্ত গৃহিত হয়। | পৌর পরিষদ ও প্রকৌশল শাখা। |
| ২৮. | মেয়র জনাব মাহাবুবুর রহমান চৌধুরী সকল সদস্যকে গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ দেওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আগামি ২৮/১২/২০২৩ ইং তারিখ হাসপাতাল সড়কের পশ্চিম পাশের দেয়াল ভেঙ্গে পুনঃনির্মাণ করা হবে বলে জানান। শেখ রাশেল চিল্ড্রেন'স ফিউচার পার্ক নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়ন হবে। পৌরসভার মালিকানাধীন ৪টি মার্কেট বিশেষ করে সবজি মার্কেট, মাংসের বাজার, মুরগির বাজার এবং পুরাতন পৌর সুপার মার্কেট, সুইপার কলোনি অত্যন্ত পুরাতন ও জরাজীর্ণ হয়ে যাওয়ায় ভেঙে নতুন করে ভবন তৈরী করা দরকার হবে বলে জানান। তিনি আরও বলেন, পৌর এলাকাধীন আবাসিক এলাকা, হোটেল-মোটেল, সরকারি-বেসরকারি প্রতিটি স্থাপনায় নিজস্ব সেফটি ট্যাংক নির্মাণ করার জন্য জনগনকে উদ্বুদ্ধ করতে হবে। | শেখ রাশেল চিল্ড্রেন'স ফিউচার পার্ক নির্মাণ, পৌরসভার মালিকানাধীন ৪টি মার্কেট বিশেষ করে সবজি মার্কেট, মাংসের বাজার, মুরগির বাজার এবং পুরাতন পৌর সুপার মার্কেট, সুইপার কলোনি নির্মাণ, আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত যাত্রি ছাউনি | পৌর পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | মুক্তিযোদ্ধা সরণী ও সৈকত পোষ্ট অফিসের পেছনে পৌরসভার জায়গা উদ্ধার করে আয় বৃদ্ধি করার লক্ষ্যে উন্নয়ন কার্যক্রম হাতে নেওয়া হবে। বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রতিটি ওয়ার্ডে সেকেন্ডারী ডাম্পিং ষ্টেশন নির্মাণের পরিকল্পনা রয়েছে। জায়গা পাওয়া গেলে দ্রুত বাস্তবায়ন করা হবে। সামরাই খালকে ড্রেজিং ও অবৈধ দখল মুক্ত করে হাতির ঝিলের মতো দৃষ্টিনন্দন পর্যটন কেন্দ্র করার পরিকল্পনা রয়েছে। অতিশীঘ্রই ট্রাক টার্মিনাল করার জন্য জায়গা অধিগ্রহণ করা হবে। কক্সবাজার পৌর এলাকায় ছোট বড় অসংখ্য অনুন্নত এলাকা তথা বস্তি এলাকা রয়েছে। আগামিতে পৌরসভার নিজস্ব অর্থায়ন কিংবা কোন প্রকল্পের আওতায় এই অনুন্নত এলাকার উন্নয়ন করা দরকার। তাছাড়া পৌর এলাকার বিভিন্ন পয়েন্টে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত যাত্রি ছাউনি স্থাপন করা প্রয়োজন। সময়ের প্রয়োজনে পৌর এলাকা বর্ধিত করা প্রয়োজন। এবিষয়ে উর্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হবে। তিনি সকলের প্রতি আহবান জানিয়ে বলেন, আপনারা আমাদের গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ দিয়ে সাহায্য করবেন। আমরা পৌর পরিষদ আপনাদের সেবায় সবসময় অঙ্গিকারবদ্ধ। আপনাদের যে কোন অভিযোগের ব্যাপারে সরাসরি আমাদের সাথে যোগাযোগ করবেন এবং তদন্তপূর্বক তা নিরসন করা হবে। আগামিতে যথা সময়ে সবাইকে উপস্থিত হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | নির্মাণ, বস্তি উন্নয়ন সহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করার লক্ষ্যে সবার সম্মতিক্রমে শহর সমন্বয় কমিটিতে অনুমোদন এবং পৌর পরিষদে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হলো। | |

(মোঃ মাহাবুবর রহমান চৌধুরী)
মেয়র
কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।